

## মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের ইনোভেশন টিমের বিএলআরআই পরিদর্শন

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী এ অর্থ-বছরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর সংস্থা পর্যায়ের অফিসের জন্য প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে দেশে-বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের নির্দেশনা ছিল। এ লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের ইনোভেশন টিম গত ২৯/০৫/২০২২ তারিখে (রোববার) বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট( বিএলআরআই) এর বিভিন্ন উদ্যোগ পরিদর্শন করে।

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) এর সভা কক্ষে সকাল সাড়ে ১১ টায় বিএলআরআই এর ইনোভেশন অফিসার ও প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড.সদার মোহাম্মদ আমান উল্লাহ এর সভাপতিত্বে বিএলআরআই এর তিনজন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ৩ টি নতুন উদ্ভাবন প্রজেক্টের প্রদর্শন করেন। ফিড মাস্টার, গ্রিনওয়ে বিজনেস ও খামারগুরু নামে জনকল্যাণকর ও উৎপাদনমুখী তিনটি নতুন উদ্ভাবন বর্ণনা করেন ( বিএলআরআই) এর তিনজন উদ্ভাবক। এরা হলেন মো. আহসানুল কবির, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ডা.সোনিয়া আক্তার, বৈজ্ঞানিক কর্মকর্তা এবং নাজমুল হুদা, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা। উদ্ভাবকরা বলেন,তিনটি উদ্যোগ ই বাংলাদেশে প্রাণিসম্পদ খাতে উৎপাদন বাড়াবে এবং খরচ কমানোর পাশাপাশি খামারী ও ভোক্তার নানা ভোগান্তি কমাতে।

নতুন তিনটি উদ্ভাবন ছাড়াও মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের ইনোভেশন টিম ধামরাই উপজেলার শরীফবাগ গ্রামে বিএলআরআই এর প্রযুক্তি পল্লী পরিদর্শন করে। প্রযুক্তিপল্লীতে বিএলআরআই তাদের উদ্ভাবিত নানা প্রযুক্তি খামারীদের গরু, ছাগল, মহিষ ও হাঁস-মুরগির খামারে প্রয়োগ করছে। এতে খামারীদের উৎপাদন যেমন বেড়েছে অন্যদিকে উৎপাদন খরচ কমে আয়ও বাড়ছে। পাশাপাশি যাতায়াত ও চিকিৎসা সংক্রান্ত নানা ভোগান্তি কমেছে।



চিত্রঃ বিএলআরআই এর সভাকক্ষে উদ্ভাবকগণ কর্তৃক বিভিন্ন উদ্ভাবন সম্পর্কে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন



চিত্রঃ ধামরাই উপজেলায় বিএলআরআই-এর প্রযুক্তি পল্লীতে মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের ইনোভেশন টীম